



পদক্ষেপকে জবসের ইডিবিএম টিওটি প্রশিক্ষণ সহায়তা

ইউএসএআইডি'র অর্থায়নে এবং যুক্তরাষ্ট্রের মেরিলান্ড ইউনিভার্সিটির আইরিস সেন্টার-এর তত্ত্বাবধানে পরিচালিত জব অপারচুনিটিস এন্ড বিজনেস সাপোর্ট (জবস) প্রজেক্ট সশ্রুতি পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রের ১৫ জন প্রশিক্ষার্থীকে ৮ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (ইডিবিএম) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রান্তিক উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনা ও উন্নয়নের প্রয়োজনীয়তা বিবেচনা করে এই প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন পদক্ষেপ মানবিক উন্নয়ন কর্মসূচীর নির্বাহী পরিচালক ইকবাল আহমেদ। জবস প্রজেক্টের ম্যানেজার-ট্রেনিং এসএম শহীদুল্লাহ ও ডেপুটি ম্যানেজার-ট্রেনিং মাকরুহা আলম, পদক্ষেপ মানবিক উন্নয়ন সংস্থার জলফিকার চৌধুরী প্রোগ্রাম ম্যানেজার, সোহেল আহমেদ, ম্যানেজার-এইচআরডি এ সময় উপস্থিত ছিলেন।